

PRINT

সমকাল

উচ্চশিক্ষা নিয়ে ইউজিসি-এপিইউবি মতবিনিময়

১০ ঘণ্টা আগে

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ এবং কমিশনের সদস্য অধ্যাপক শাহ নওয়াজ আলী, অধ্যাপক দিল আফরোজা বেগম, অধ্যাপক সাজ্জাদ হোসেন, অধ্যাপক মুহাম্মদ আলমগীর প্রমুখ বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি) কার্যালয়ে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এপিইউবি চেয়ারম্যান শেখ কবির হোসেন। এ ছাড়া ড. ফরাসউদ্দিন, নজরুল ইসলাম বাবু এমপি, কাজী নাবিল আহমেদ এমপি, সাইফুজ্জামান শিখর এমপিসহ এপিইউবির কার্যনির্বাহী পরিষদের অন্যান্য সদস্য সভায় উপস্থিত ছিলেন। এতে উচ্চশিক্ষার মানোন্নয়ন সম্পর্কে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ও বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি ও সদস্যরা মতবিনিময় করেন। এপিইউবির সেক্রেটারি জেনারেল বেনজির আহমেদ অনুষ্ঠান সঞ্চালনা করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

